DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 19 Aug 2026, 07:28 PM

সারাদেশ

# দেড় বছর পর কলাপাড়া হাসপাতালে ফের চালু সিজারিয়ান অপারেশন

স্বল্প খরচে সরকারি ব্যবস্থাপনায় সেবা পাবেন গর্ভবতী মায়েরা

প্রতিবেদক: কলাপাড়া (পটুয়াখালী) প্রতিনিধি
প্রকাশের তারিখ: শনিবার, ০৮ আগস্ট ২০২৬, ০৩:৫৫ PM



ছবি কলাপাড়া (পটুয়াখালী) প্রতিনিধি

দীর্ঘ প্রায় দেড় বছর বন্ধ থাকার পর পটুয়াখালীর কলাপাড়া ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে পুনরায় চালু হয়েছে সিজারিয়ান অপারেশন কার্যক্রম।

শনিবার (৮ আগস্ট) বেলা ১১টায় ফিতা কেটে এ কার্যক্রমের উদ্বোধন করেন পটুয়াখালী-৪ আসনের সংসদ সদস্য এবিএম মোশাররফ হোসেন।

এ সময় উপস্থিত ছিলেন কলাপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আরিফুজ্জামান, উপজেলা বিএনপির সভাপতি হাজী হুমায়ুন সিকদার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মং তেনসহ প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও হাসপাতালসংশ্লিষ্ট ব্যক্তিরা।

হাসপাতাল সূত্রে জানা গেছে, দীর্ঘদিন সিজারিয়ান অপারেশন বন্ধ থাকায় উপজেলার গর্ভবতী নারীদের অনেককে বেসরকারি হাসপাতাল ও ক্লিনিকের ওপর নির্ভর করতে হয়েছে। এতে বাড়তি খরচের পাশাপাশি দূরবর্তী স্থানে যাতায়াতের ভোগান্তিও পোহাতে হয়েছে তাদের।

সিজারিয়ান অপারেশন কার্যক্রম পুনরায় চালু হওয়ায় এখন থেকে গর্ভবতী মায়েরা সরকারি ব্যবস্থাপনায় তুলনামূলক কম খরচে এ সেবা নিতে পারবেন। দীর্ঘদিন পর গুরুত্বপূর্ণ এই চিকিৎসাসেবা চালু হওয়ায় উপকূলীয় কলাপাড়ার সাধারণ মানুষের মধ্যে স্বস্তি ফিরেছে।

উদ্বোধন শেষে সংসদ সদস্য এবিএম মোশাররফ হোসেন বলেন, দেশের সব উপজেলা পর্যায়ের ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালকে ১০০ শয্যায় উন্নীত করার উদ্যোগ নেওয়া হবে। পাশাপাশি চলতি বছরের মধ্যে ইউনিয়ন পর্যায়ে এক লাখ স্বাস্থ্যকর্মী নিয়োগ দেওয়া হবে।

স্থানীয়রা বলছেন, কলাপাড়া হাসপাতালের সিজারিয়ান অপারেশন কার্যক্রম নিয়মিত ও নির্বিঘ্নভাবে চালু থাকলে উপজেলার প্রত্যন্ত এলাকার গর্ভবতী নারীদের চিকিৎসাসেবা পাওয়ার সুযোগ আরও সহজ হবে।

---


## এ বিভাগের আরও খবর




**বাঁচার আকুতি আরাফাতের, চিকিৎসার জন্য সহযোগিতা চায় পরিবার**
পটুয়ালীর কুয়াকাটায় ব্রেন স্ট্রোকে আক্রান্ত হয়ে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন ১৮ বছর বয়সী আরাফাত। চলতি বছর এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ এই শিক্ষার্থ...



**পুলিশ লাইন্সে উচ্চস্বরে গান বাজানো নিয়ে উত্তেজনা, মাদ্রাসাছাত্র-পুলিশসহ আহত ৩০**
ব্রাহ্মণবাড়িয়ায় পুলিশ লাইন্সে সাংস্কৃতিক অনুষ্ঠানে উচ্চস্বরে গান বাজানোকে কেন্দ্র করে পুলিশ ও মাদ্রাসাছাত্রদের মধ্যে উত্তেজনা, হামলা ও লাঠিচ...




**নবীনগরে র‍্যাব সদস্যদের ওপর হামলা: মামলার পলাতক আসামি গ্রেপ্তার**

ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরে র‍্যাব সদস্যদের ওপর সংঘবদ্ধ হামলার ঘটনায় দায়ের করা মামলায় মো. জজ মিয়া (৫৫) নামে এক পলাতক আসামিকে গ্রেপ্তার করেছে র...

---



**নরসিংদীতে মাদক সেবনকালে পুলিশ সদস্যসহ আটক ৪**

নরসিংদীর বেলাবো উপজেলায় মাত্র কয়েক মাসের ব্যবধানে মাদক সংশ্লিষ্টতার অভিযোগ উঠেছে দুই পুলিশ সদস্যের বিরুদ্ধে। এর মধ্যে একজনকে ৫০০ পিস ইয়াবাসহ...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/public/saradesh/der-bchhr-pr-klapara-haspatale-fer-chalu-sijariyan-opareshn